

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৫১৫
আগরতলা, ৪ অক্টোবর, ২০ ১৮

মুখ্যমন্ত্রী সকাশে চিনের
অনাবাসী ভারতীয় দল

আজ সন্ধ্যায় মহাকরণে চিনের এক বিনিয়োগকারী প্রতিনিধিদল মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। এই প্রতিনিধিদলের সদস্যরা অনাবাসী ভারতীয় (এন আর আই) যারা চিন এবং হংকং-এ বহুদিন যাবৎ বসবাস করছেন। এই প্রতিনিধিদলটি উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যে শিল্প ও শিক্ষা বিষয়ক সফর করছেন। ত্রিপুরায় আসার আগে তারা আসাম ও নাগাল্যান্ড সফর করেছেন। এই প্রতিনিধিদলটি দুপুরে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান টিংকু রায় ও শিল্প দপ্তরের অন্যান্য বরিষ্ঠ আধিকারিকদের সাথে মিলিত হন। এছাড়াও প্রতিনিধিদলটি বোধজংনগর শিল্প এলাকা পরিদর্শন করে সেখানকার বিনিয়োগকারীদের সাথে কথা বলেন।

মুখ্যমন্ত্রী প্রতিনিধিদলটিকে ত্রিপুরার উন্নয়নে রাজ্য সরকার কর্তৃক গৃহিত বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন, শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ার যে ভিশন তা বাস্তবায়নের লক্ষ্যে রাজ্যের শিল্প ও বাণিজ্য ব্যবস্থার অভূতপূর্ব উন্নয়নে সহায়ক পরিকাঠামো গড়ে তোলা হবে। ত্রিপুরায় বিনিয়োগকারীদের স্বাচ্ছন্দ্য সহকারে বিনিয়োগ করার জন্য রাজ্য সরকার কর্তৃক গৃহিত উদ্যোগ যেমন সিঙ্গেল উইন্ডো ক্লিয়ারেন্স, ই-স্ট্যাঙ্পিং, ইনভেস্টমেন্ট ফ্যাসিলিটেশন সেল গঠন ইত্যাদি শিল্প অনুকূল পরিবেশ কার্যকরী করার বিষয়টিও মুখ্যমন্ত্রী প্রতিনিধিদলটিকে জানান।
